# নতুন সরকারের সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতা বাড়াতে চায় ইউরোপীয় ইউনিয়ন



ইইউ রাষ্ট্রদূত মিলার। ছবি: সংগৃহীত

বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে নিবিড়ভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। রোববার (১২ এপ্রিল) গণমাধ্যম কালের কণ্ঠ আয়োজিত এক অনুষ্ঠানে এ কথা জানান বাংলাদেশে নিযুক্ত ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলার।

তিনি বলেন, গণতান্ত্রিক মূল্যবোধ, মানবাধিকার এবং আইনের শাসন জোরদারে সংস্কার কার্যক্রমে নতুন সরকারের সঙ্গে ইইউ কাজ করতে চায়। এর মাধ্যমে দুই পক্ষের অংশীদারিত্ব আরও শক্তিশালী হবে বলে তিনি মনে করেন।

একই সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক সম্প্রসারণ এবং নিরাপদ অভিবাসন ব্যবস্থাপনা নিয়েও বাংলাদেশে সহযোগিতা বাড়াতে আগ্রহী ইইউ। মিলার উল্লেখ করেন, ইইউ-বাংলাদেশ সম্পর্ককে তারা কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হিসেবে দেখে থাকে।

তিনি আরও বলেন, ২০২৪-পরবর্তী পরিবর্তনের সময়ে ইইউ বাংলাদেশকে সহযোগিতা করেছে এবং নির্বাচন প্রক্রিয়ায় সক্রিয়ভাবে সহায়তা দিয়েছে। সামনে সংস্কার ও অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রেও নতুন সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

মিলারের ভাষ্য অনুযায়ী, ইইউই বাংলাদেশের অন্যতম বৃহৎ রাজনৈতিক ও অর্থনৈতিক অংশীদার, তাই পারস্পরিক সহযোগিতা আরও জোরদার করা হবে।